

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ২৯৬. ২০১৬- ১২৬০

তারিখঃ ১২/০১/১৬

বিষয়ঃ রীট পিটিশন নং-৩৮৬০/২০১৬, বাদী-জনাব মোঃ জুলফিকার আলী, পিতা-মৃত আব্দুল হাশেম, ৯/১, মাদ্রাসা রোড, মোংলা, বাগেরহাট ও অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য মামলা সংক্রান্ত।

বাগেরহাট জেলাধীন মোংলাপোর্ট পৌরসভার মেয়র জনাব মোঃ জুলফিকার আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৮৬০/২০১৬নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত উক্ত আদেশ ০৩(তিন) মাসের জন্য স্থগিতকরতঃ শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী হিসেবে গত ৩১-০৩-২০১৬খ্রিঃ তারিখে নোটিশ প্রদান করেন।

০২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ সরকার পক্ষে নিয়োজিত আইনজীবীর পাশাপাশি মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় কার্যক্রম গ্রহনকরতঃ সময় সময় স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে অবহিত করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
১৫৪০৯৯৫।

জনাব শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। জেলা প্রশাসক, বাগেরহাট;
- ০৪। উপসচিব (পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মোঁচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৯। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।